



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৯.২০.২৮২

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৭

২৮ আগস্ট ২০২০

বিষয়: মার্কেটিং বিষয়ের প্রভাষককে বকেয়া সহ এমপিও ভুক্তির আবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার আদমদীঘি রহিমুদ্দিন ডিগ্রি কলেজের (এমএস: জাকিয়া শামীম আরা প্রভাষক) মার্কেটিং বিষয়ে নিয়োগের লক্ষ্যে এনটিআরসিএ গত ৯/১০/২০১৬খ্রি. তারিখে নির্বাচন করে নিয়োগের জন্য সুপারিশ পত্র প্রেরণ করেন। অত্র নিয়োগের বিরুদ্ধে জনৈক ব্যক্তি মহামান্য হাইকোর্টে মামলা করায় নিষেধাজ্ঞা জারি হয়। তাকে ওই সময়ে নিয়োগ প্রদান করা সম্ভব হয়নি। ২৪/০৭/২০১৯তারিখে মামলাটির বিবাদী জাকিয়া শামীম আরা এর পক্ষে আদেশ হওয়া কলেজ গভর্নিং বডির ০২/০৯/২০১৯খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক তাকে নিয়োগ পত্র প্রদান করা হয়। গত ১১/০৯/২০১৯ তারিখে সে চাকুরিতে যোগদান করেন। উল্লেখ্য যে, মহামান্য হাইকোর্ট তাকে এনটিআরসিএ কর্তৃক সুপারিশের সময় থেকে বকেয়া বেতন প্রদানের আদেশ প্রদান করেছেন।

উক্ত আদেশের বিষয়ে মতামতের জন্য নথিটি আইন শাখায় প্রেরণ করা হয়। আইন উপদেষ্টার মতামত: “জনবল কাঠামো অনুসারে বকেয়া বেতন দেয়া যায় না বিধায় মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের বিরুদ্ধে কলেজ কর্তৃপক্ষ-কে আপিল দায়ের করার জন্য মতামত প্রদান করেন এবং আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মোসাঃ জাকিয়া শামীম আরা এর এমপিওভুক্ত করার প্রক্রিয়া বন্ধ থাকবে এবং কলেজ কর্তৃপক্ষ কলেজের নিজস্ব তহবিল থেকে তাঁকে (মোসাঃ জাকিয়া শামীম আরা) বেতন-ভাতা প্রদান করবে।”

এমতাবস্থায় বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নির্দেশক্রমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হইল।

২৮-৮-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) সভাপতি, আদমদীঘি রহিম উদ্দিন কলেজ, বগুড়া।
- ২) অধ্যক্ষ, আদমদীঘি রহিম উদ্দিন কলেজ, বগুড়া।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৯.২০.২৮২/১(৪)

তারিখ: ১৩ ভাদ্র ১৪২৭

২৮ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) উপপরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩) সহকারী পরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৪) জনাব মোছাঃ জাকিয়া শামীম আরা, প্রভাষক (মার্কেটিং), আদমদীঘি রহিম উদ্দিন কলেজ, বগুড়া।

৯১৫৩৪

২৮-৮-২০২০

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক